ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪২২
খোয়াই, ২৮ অক্টোবর, ২০২৫

**তুলাশিখর কৃষি মহকুমার অধীন কৃষকদের শীতকালীন সবজি চাষে সহায়তা প্রদান**

তুলাশিখর কৃষি মহকুমা এলাকায় চলতি অর্থবছরে শীতকালীন সব্জি চাষকে উৎসাহিত করার লক্ষ্যে মিশন ফর ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অব হর্টিকালচার প্রকল্পের আওতায় মরিচ, ফুলকপি, বাধাঁকপি, টমেটো, মূলা, ব্রকলি সহ বিভিন্ন জাতের সব্জির বীজ কৃষকের মধ্যে বিতরণ করা হয়েছে। এই প্রকল্পের অধীনে উক্ত কৃষি মহকুমা এলাকায় মোট ১৫ হেক্টর জমিতে এসব শীতকালীন সব্জির চাষ করা হবে। এরফলে প্রায় ৮০০ জন কৃষক উপকৃত হবেন। প্রকল্পটি বাস্তবায়নে মোট ৪ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয় করা হবে। তুলাশিখর কৃষি মহকুমার কৃষি তত্বাবধায়ক এই সংবাদ জানিয়েছেন।

*****